

চা শ্রমিক সন্তানরা ক্ষুলে ভর্তি হতে পারছে না

বিনামূল্যে জন্মনিবন্ধন করতে প্রশাসনের বিশেষ ক্যাম্পেইন

মাধবপুর (হবিগঞ্জ) প্রতিনিধি

২৩ জানুয়ারি ২০২৩ ১২:০০

এএম | আপডেট: ২৩

জানুয়ারি ২০২৩ ১২:৪৪

এএম

স্বীকৃত প্রতিনিধি
আমাদের ময়

advertisement

সময়মতো জন্মনিবন্ধন না করায় প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হতে পারছে না হবিগঞ্জের মাধবপুর উপজেলার পাঁচটি চা বাগানের শিশুরা। এ কারণে চা বাগানের প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে শিশুরা। এ অবস্থায় জেলা প্রশাসকের উদ্যোগে বিনামূল্যে জন্মনিবন্ধন করার লক্ষ্যে পাঁচ বাগানের শ্রমিক নেতা, শিক্ষক, জনপ্রতিনিধিদের নিয়ে বিশেষ ক্যাম্পেইন শুরু করেছে মাধবপুর উপজেলা প্রশাসন।

গত তিনি বছর ধরে করোনা দেখা দিলে বিদ্যালয় বন্ধ থাকায় চা বাগানের শিশুদের পাঠকার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয়। বর্তমানে মাধবপুর উপজেলার জগদীশপুর, বৈকুণ্ঠপুর, নোয়াপাড়া, তেলিয়াপাড়া ও সুরমা চা বাগানের ১৪ ভাগ শিশুর জন্মনিবন্ধন করা হয়নি। ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রে গিয়ে ভালো সেবা না পাওয়ায় চা বাগানের সহজ-সরল মানুষ শিশুদের জন্মনিবন্ধন করতে আগ্রহী নন।

advertisement

এদিকে চা বাগানে পিছিয়ে পড়া শ্রমিক সন্তানদের শতভাগ প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে হবিগঞ্জ জেলা প্রশাসক টাঁশরাত জাহান বিশেষ উদ্যোগ নিয়েছেন। এর অংশ হিসেবে গতকাল রবিবার সকালে সুরমা চা বাগানে বিনামূল্যে জন্মনিবন্ধন করার লক্ষ্যে পাঁচ বাগানের শ্রমিক নেতা, শিক্ষক, জনপ্রতিনিধিদের নিয়ে বিশেষ ক্যাম্পইন

advertisement 4

করে মাধবপুর উপজেলা প্রশাসন।

মাধবপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মনজুর আহসানের সভাপতিত্বে প্রধান অধিতির বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মুহাম্মদ সাদিকুর রহমান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছা তাসমিন জাহান, নির্বাহী ম্যাজিস্ট্রেট তুহিন হাসান, চেয়ারম্যান পারভেজ হোসেন চৌধুরী, উপজেলা শিক্ষা কর্মকর্তা সিদ্দিকুর রহমান, বাগান ব্যবস্থাপক দিপংকর সিনহা, সহকারী ব্যবস্থাপক জাকির হোসেন, সহকারী ব্যবস্থাপক মিরন হোসেন, সহকারী ব্যবস্থাপক মনির হোসেন, ভ্যালি সভাপতি রবীন্দ্র গোড়, ইউপি সদস্য আবদুল লতিফ, এনামুল হক, সাইমুন মুরমু ও ফুল মিয়া প্রমুখ।